**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 27-03-2026** **Desk in Charge : SDG**
**Time:- 1.30 PM** **Edit. & Compile. : Jayanta S.**
**DEO: KB** **NRT : Srijit M.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরি বলেছেন আন্তর্জাতিক বাজারে তেলের দাম বৃদ্ধির পরিপ্রেক্ষিতে সরকার দেশের সাধারণ মানুষকে রক্ষার জন্য দায়বদ্ধ।
#সরকার ডিজেলের ওপর অন্তঃশুল্ক সম্পূর্ণ প্রত্যাহার করে নিয়েছে। পেট্রোলের ক্ষেত্রে লিটার পিছু শূল্কের হার করা হয়েছে ৩ টাকা।

২) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সুনিশ্চিত করে বলেছেন, সরকার, পেট্রল, ডিজেল এমনকি বিমানের জ্বালানির মূল্য কোনওভাবেই বৃদ্ধি করবে না।
# রাজ্যগুলিকে দেওয়া বাণিজ্যিক এলপিজির পরিমান আরো ২০ শতাংশ বৃদ্ধি করে ৭০ শতাংশ করল কেন্দ্র।

৩) পশ্চিম এশিয়ায় সংঘাতের প্রেক্ষিতে উদ্ভুত পরিস্থিতি নিয়ে আলোচনা করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠকে বসবেন।

৪) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেছেন জেনেরিক ওষুধ রপ্তানির ক্ষেত্রে ভারত তার অবস্থান মজবুত করেছে।

***********************************************************************

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী আজ বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রইরান যুদ্ধ এবং হরমুজ প্রণালীতে সৃষ্ট অচলাবস্থার মধ্যে আন্তর্জাতিক -ইজরায়েল- বাজারেঅপরিশোধিত তেলের দাম বৃদ্ধির প্রেক্ষাপটে সরকার দেশের সাধারণ মানুষকে রক্ষা করার জন্য দায়বদ্ধ। তিনি বলেন, গ্রাহকদের উপর বোঝা চাপানোর পরিবর্তে সরকার নিজেদের কাধেই আর্থিক দায়িত্ব বহন করবে ।

সমাজ মাধ্যমে একবার্তায় তিনি জোর দিয়ে বলেন, গত এক মাসে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৭০ ডলার থেকে বৃদ্ধি পেয়ে প্রায় ১২২ ডলার হয়েছে। এর ফলে দক্ষিণপূর্ব এশিয়ার দেশগুলিতে পেট্রোল ও ডিজেলের দাম - শতাংশ ৫০ তিরিশ থেকে, উত্তর আমেরিকায় প্রায় ৩০ শতাংশ, ইউরোপে ২০ শতাংশ এবং আফ্রিকার দেশগুলিতে প্রায় ৫০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন এই পরিস্থিতিতে সরকারের কাছে দুটি পথ খোলা ছিল। দাম বৃদ্ধি করে নাগরিকদের ওপর চাপ সৃষ্টি করা অথবা সরকার নিজেদের কাঁধে দায় তুলে নেওয়া।

শ্রী পুরী বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রাশিয়া ইউক্রেন সংঘর্ষ শুরু হবার পর গত চার বছর ধরেই সরকার তার দায়বদ্ধতা রক্ষা করে আসছে।

**********************

কেন্দ্রীয় সরকার, ডিজেলের ওপর অন্তঃশুল্ক সম্পূর্ণ প্রত্যাহার করে নিয়েছে। পেট্রোলের ক্ষেত্রে এই হার কমিয়ে লিটার পিছু তিন টাকা করা হয়েছে। এর আগে এই হার ছিল লিটার পিছু ১৩ টাকা।

পশ্চিম এশিয়ার সংঘাতের প্রেক্ষিতে দেশের নাগরিককে স্বস্তি দিতেই কেন্দ্রের এই পদক্ষেপ। আজ এক বিজ্ঞপ্তি জারী করে কেন্দ্র এই সিদ্ধান্তের কথা জানায়।

একইসঙ্গে কমানো হয়েছে বিমানের জ্বালানী হিসেবে এভিয়েশন টার্বাইন ফুয়েলের ওপর অন্তঃশুল্ক। অবিলম্বে এই নির্দেশ কার্যকর হয়েছে।

**********************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সুনিশ্চিত করে বলেছেন, সরকার, পেট্রল, ডিজেল এমনকি বিমানের জ্বালানির মূল্য কোনওভাবেই বৃদ্ধি করবে না। নতুনদিল্লিতে আজ সাংবাদিকদের তিনি বলেন, পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতির কথা মাথায় রেখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একটি বৈঠকে জানিয়েছেন, দেশে বর্তমানে পেট্রল, ডিজেল এবং বিমানের জ্বালানির কোনও ঘাটতি নেই, জনগণের স্বার্থে এই পরিস্থিতিতে এগুলোর মূল্য কখনোই বাড়া উচিৎ নয়।

(বাইট- সীতারামন )

**********************

রাজ্যগুলিকে দেওয়া বাণিজ্যিক LPG-র পরিমাণ আরও ২০ শতাংশ বৃদ্ধি করে ৭০ শতাংশ করল কেন্দ্র। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের সচিন ডঃ নীরজ মিত্তল আজ একটি চিঠিতে, বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিবকে লেখা চিঠিতে জানিয়েছেনশতাংশ বাণিজ্যিক এলপিজি সরবরাহ রাজ্যগুলি ২০ যে অতিরিক্ত -কে বাড়ানো হচ্ছে তা ইস্পাত, গাড়ি বস্ত্র, রসায়ন, প্লাস্টিক এবং রঞ্জক শিল্পকে অগ্রাধিকারের ভিত্তিতে দিতে হবে।

**********************

সরকার জানিয়েছে গত এক দশকে দেশে ইউরিয়া সারের উৎপাদন ২৩ লক্ষ মেট্রিক টন থেকে বৃদ্ধি পেয়ে ৩১ দশমিক পাঁচ লক্ষ মেট্রিক টন হয়েছে। লোকসভায় আজ প্রশ্নোত্তর কালে এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় রসায়ন ও সার মন্ত্রী জে পি নাড্ডা বলেন ২০১৪ সাল থেকে সরকার সারের উৎপাদন বৃদ্ধির লক্ষে গোরখপুর, রামগুণ্ডাম, সিন্দ্রি, বারৌনি, পানাগড় সহ দেশের বিভিন্ন স্থানে সার কারখানা স্থাপন করেছে। তিনি বলেন ভারত সারের সরবরাহ অব্যাহত রাখতে জর্ডন, মরক্কো, সৌদি আরব, ওমানের সঙ্গে দীর্ঘ মেয়াদী চুক্তি করেছে।

( বাইট- নাড্ডা )

শ্রী নাড্ডা জানিয়েছেন ইউরিয়া সারের সুষম ব্যবহার সুনিশ্চিত করতে এবং আমদানির ওপর নির্ভরতা কমাতে সরকার একাধিক পদক্ষেপ নিয়েছে। soil health card প্রকল্পে মাটির পরীক্ষা এবং তাঁর ভিত্তিতে সারের ব্যবহারের বিষয়টির প্রতিও উৎসাহ দেওয়া

হয়েছে। তিনি বলেন কৃষকদের মধ্যে প্রায় চব্বিশ কোটি Soil Health Card বিতরণ করা হয়েছে।

**********************

বিশ্ব বাণিজ্য সংস্থা, WTO-র ১৪ তম মন্ত্রী পর্যায়ের সম্মেলনে ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযুষ গোয়েল। ক্যামেরুনে গতকাল শুরু হওয়া এই সম্মেলনটি এই মাসের ২৯ তারিখ পর্যন্ত চলবে। WTO র এক পর্যালোচন বৈঠকে অংশ নিয়ে শ্রী গোয়েল বলেন এই সংস্থাটির প্রয়োজনীয় সংস্কার জরুরী। তিনি বিশেষ করে উন্নয়নের ক্ষেত্রে ঐক্যমত্য ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ এবং বৈষম্য হীনতার ওপর জোর দিয়েছেন। WTO-এর বৈঠকের ফাঁকে শ্রী গোয়েল ক্যামেরুনের প্রধানমন্ত্রী জোসেফ দিওন এনগুতের সঙ্গে দেখা করেন, তাঁদের মধ্যে দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

**********************

রাষ্ট্রসংঘ মহাসচিব পদের জন্য মালদ্বীপ, ভার্জিনিয়া গাম্বার মনোনয়ন প্রত্যাহার করে নিয়েছে এবং চিলির মিশেল ব্যাশেলেটও সরে দাঁড়িয়েছেন বলে সাধারণ পরিষদের সভাপতির মুখপাত্র লা নিস কলিন্স জানিয়েছেন। এর ফলে কার্যত একমাত্র মহিলা প্রার্থী হিসেবে রেবেকা গ্রিনস্প্যান মায়ুফিস ব্যালটে থাকছেন। এর ফলে মোট প্রার্থীর সংখ্যা পাঁচ থেকে কমে তিনে দাঁড়িয়েছে, যার মধ্যে বাকি দুজন পুরুষ।

মনোনয়ন প্রক্রিয়া গত বুধবার শেষ হয়েছে। আগামী ২০ এপ্রিল থেকে প্রার্থীরা তিন ঘণ্টার পারস্পরিক আলাপ-আলোচনায় অংশ নেবেন, যেখানে তারা ১৯৩ সদস্যবিশিষ্ট এই সংস্থার নেতৃত্ব দেওয়ার জন্য নিজেদের অবস্থান তুলে ধরবেন এবং নাগরিক সমাজের প্রতিনিধিদের প্রশ্নের উত্তর দেবেন। যদিও বিজয়ীকে সাধারণ পরিষদে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে হবে, রাষ্ট্রসংঘ সনদ অনুযায়ী নিরাপত্তা পরিষদের সুপারিশের ভিত্তিতেই মহাসচিব নিযুক্ত করা হবে।

**********************

দীর্ঘ ৮১ বছর পর এই প্রথম এক হাজারের মতন সশস্ত্র জাপানি সেনা আগামী মাসে ফিলিপাইনসে যাওয়ার প্রস্তুতি নিয়েছে।ফিলিপাইনস-মার্কিন যুক্তরাষ্ট্র-বালিকাতন সামরিক মহড়ার অঙ্গ হিসাবে জাপানি সেনাবাহিনীর ফিলিপাইনস সফর। পর্যবেক্ষক মহল জানিয়েছে, ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের নিরাপত্তার পরিকাঠামোগত পরিস্থিতির প্রেক্ষাপটে এই নাটকীয় পরিবর্তন অত্যন্ত তাৎপর্যপূর্ণ। ফিলিপাইনসের সেনাপ্রধান জেনারেল রোমিও ব্র্যাওনার জুনিয়ার জানিয়েছেন, জাপানি সেনাবাহিনীর সেদেশ সফর দুটি দেশের কূটনৈতিক সম্পর্কের ক্ষেত্রে  ভীষণ গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

**********************

পশ্চিম এশিয়ার সংঘাতের প্রেক্ষিতে উদ্ভুত পরিস্থিতি নিয়ে আলোচনা করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠকে বসছেন। ভোটমুখী ৪ রাজ্য–পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, অসম, কেরালা ও কেন্দ্রশাসিত অঞ্চল  পুদুচেরীতে আদর্শ আচরণবিধি চালু থাকায় এই রাজ্যগুলি বৈঠকে যোগ দিতে পারবে না। ভিডিও কনফারেন্সের মাধ্যমে আয়োজিত ওই বৈঠকে সঙ্কটের এই সময়ে রাজ্যগুলির প্রস্তুতি এবং পরিকল্পনা খতিয়ে দেখা হবে। দেশ হিসেবে লড়াই করতে টিম ইন্ডিয়ার ভাবনা আরো জোরদার করার লক্ষ্যেই এই বৈঠকের আয়োজন করা হয়েছে বলে ডিডি নিউজ সূত্রে জানা গেছে।

এদিকে, মন্ত্রিভার সচিবালয়ের পক্ষ থেকেও আজ বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিবদের সঙ্গে পৃথক বৈঠক করা হবে।

**********************

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেছেন ভারত বিশ্ব জুড়ে জেনেরিক ওষুধের প্রায় ৩০ শতাংশ সরবরাহ করে। লোকসভায় প্রশ্নোত্তর পর্বে উত্তর দেওয়ার সময় তিনি বলেন ভারতের এই ভূমিকা গোটা বিশ্বে সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন ভারত জেনেরিক ওষুধ রপ্তানি এবং উৎপাদনের ক্ষেত্রে গোটা বিশ্বে নিজের পরিচিতি মজবুত করেছে। এই ওষুধের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে।

তিনি আরও বলেন রোগীদের চিকিৎসায় জেনেরিক ওষুধ ব্যবহার বাধ্যতামূলক করে সে ব্যাপারে একটি সুস্পষ্ট বিধি প্রণয়ন করার সিদ্ধান্ত নিয়েছে। সরকারী স্বাস্থ্য কেন্দ্র গুলিতে এই বিধি কঠোর ভাবে কার্যকর সুনিশ্চিত করতে কেন্দ্র রাজ্যগুলির সঙ্গে কাজ করছে।

**********************

অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থা বা OECD-র পূর্বাভাস অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবর্ষে ভারত বিশ্বের দ্রুততম বিকাশশীল প্রধান অর্থনীতি হিসেবে নিজের অবস্থান বজায় রাখবে। প্যারিস-ভিত্তিক আন্তর্জাতিক সংস্থাটি তাদের অন্তর্বর্তীকালীন অর্থনৈতিক রিপোর্টে জানিয়েছে, ভারতের জিডিপি (GDP) বৃদ্ধির হার ২০২৫-২৬ অর্থবর্ষে ৭.৬ শতাংশ থাকবে বলে আশা করা হচ্ছে।

**********************

রামনবমী উপলক্ষে শ্রী রাম জন্মভূমি মন্দিরে আজ সূর্যস্নান সম্পন্ন হয়েছে। বিপুল সংখ্যক পুণ্যার্থী উত্তরপ্রদেশের অযোধ্যায় ভিড় জমিয়েছেন। ভগবান রামের দর্শনের আগে সরযূ নদীতে পূণ্যস্নান সেরেছেন তারা। অযোধ্যায় ৫ হাজারের বেশি মন্দিরকে

সাজিয়ে তোলা হয়েছে ফুল  মালা ও হয়েছে আলোকসজ্জায়।-চিত্রকূটের মন্দাকিনী নদীর তীরে আজ সন্ধ্যায় রামনবমী উপলক্ষ্যে জ্বালানো হবে প্রায় ২২ লক্ষ প্রদীপ।

**********************

চৈত্র নবরাত্রির শেষ দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেবী সিদ্ধিদাত্রীর আশীর্বাদ প্রার্থনা করেন। তিনি বলেন পুণ্য তিথিতে সকল ভক্ত যেন নিজেদের লক্ষ্য অর্জনে সফল হন। সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, দেবীর আরাধনার মাধ্যমে ভক্তদের মধ্যে সঞ্চারিত শক্তি আত্মবিশ্বাসকে আরও বাড়িয়ে দেয়।

**********************

রাজ্যে SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন তালিকায় থাকা বাকি নাম ঝাড়াই-বাছাইয়ের পর আজ পরবর্তী অতিরিক্ত তালিকা প্রকাশিত হওয়ার কথা। প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ইতমধ্যেই নিষ্পত্তি হয়েছে ৩২ লক্ষের। এর মধ্যে প্রায় ৪০ শতাংশ নাম, বাদ গেছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, গত সোমবার প্রায় ১০ লক্ষ ভোটদাতার প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়। ই-সাইন প্রক্রিয়া অনুমোদিত নামগুলিই তালিকায় রয়েছে বলে জানা গেছে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের পক্ষ থেকে প্রতিদিন তালিকা প্রকাশের অনুমতি চেয়ে কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হয়।

**********************

প্রবীণ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ পশ্চিমবঙ্গে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, রাত এগারোটা চল্লিশ নাগাদ তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছবেন। এরপর নিউটাউনে একটি বেসরকারি হোটেলে রাত্রিবাসের পর আগামীকাল দুপুর ১২টায় এক সাংবাদিক বৈঠকে আসন্ন বিধানসভা নির্বাচন সংক্রান্ত বিষয় নিয়ে বক্তব্য রাখবেন শ্রী শাহ।

**********************

খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমসের আজ তৃতীয় দিন। ছত্তিশগড়ের রায়পুরে আজ সাঁতার, ভারত্তোলন, হকি ও ফুটবল অনুষ্ঠিত হবে। অন্যদিকে কুস্তি প্রতিযোগিতা শুরু হচ্ছে অম্বিকাপুরে। মহিলাদের ফুটবলে গ্রুপ পর্বের ম্যাচে ঝাড়খণ্ড আসামকে ৯-১ গোলে পরাজিত করেছে। অন্যদিকে গুজরাট ২৫-০ গোলে অন্ধ্রপ্রদেশকে হারিয়ে দিয়েছে।

খেলো ইণ্ডিয়া ট্রাইবাল গেমস ছত্তিশগড়ে ২৩ মার্চ থেকে শুরু হয়েছে, চলবে ৩রা এপ্রিল পর্যন্ত।

*******************************************************************